গাংনীতে ৬০ কেজি ওজনের মিস্টি কুমড়া উৎপাদন করে কৃষকের বাজিমাত

পুকুর পাড়ের পরিত্যাক্ত নিজের জমিতে ৬০ কেজি ওজনের মিষ্টিকুমড়া উৎপাদন করে তাক লাগিয়েছেন মেহেরপুরের গাংনী উপজেলার জুগিরগোফা গ্রামের কৃষক সাইফ আহাম্মেদ। উচ্চ ফলনশীল দেশীয় জাতের এ মিষ্টি কুমড়া দেখতে আসছেন বিভিন্ন কৃষকসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অ ল কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষি প্রযুক্তি মেলা ২০২৩ এর আয়োজন করে। মেলায় অন্যান্য কৃষি প্রদর্শনীর পাশাপাশি ৬০ কেজি ওজনের মিষ্টিকুমড়া প্রদর্শন করে কৃষক সাইফ আহাম্মেদ। সাইফ আহাম্মেদের জমিতে উৎপাদিত মিষ্টিকুমড়া একদিকে যেমন এলাকাবাসীর দৃষ্টি কেড়েছে, অন্যদিকে নজর কেড়েছে মেলার বিচারক মন্ডলীদেরও ।

কৃষক সাইফ আহাম্মেদ জানান, আমার পুকুর পাড়ের একটি পরিত্যাক্ত জায়গায় পরিবারের চাহিদা মেটানোর জন্য অন্যান্য সবজি চাষ করেছি। তার সাথে বেশ কিছ’ উচ্চ ফলনশীল দেশীয় জাতের মিষ্টিকুমড়া গাছ লাগাই। এতে অনেক মিষ্টি কুমড়া হয়েছে। আমার পরিবারের চাহিদা পুরুন করে বেশ কিছ’ টাকার মিষ্টিকুমড়া বিক্রি করেছি। প্রতিটি মিষ্টিকুমড়ার ওজন অনেক ভাল হয়েছে। তবে একটি মিষ্টি কুমড়া হয়েছে অনেক বড় আকৃাতির। যার ওজন হয়েছে ৬০ কেজি অর্থাৎ দেড় মন। বিষয়টি কৃষি অফিসকে জানালে তারা আমাকে কৃষি প্রযক্তি মেলায় অংশ নিতে বল্লে আমি অংশ নিয়েছি। প্রতিযোগীতায় আমি কোন স্থানে থাকবো তা জানিনা তবে মেলা দেখতে আসা দর্শনার্থীরা আমার মিষ্টিকুমড়ার ছবি তুলছে এবং কেউ সেলফি তুলছে। এটিই জেলার একমাত্র বড় ও বেশি অজনের মিষ্টি কুমড়া বলে দাবী করেছেন ওই কৃষক।

‘ ‘কৃষিই সমৃদ্ধ’’ এ প্রতিপাদ্যে গতকাল সোমবার বেলা ১২ টার সময় গাংনী উপজেলা অডিটোরিয়াম চত্বরে দুই দিন ব্যাপী কৃষি প্রযুক্তি মেলা’র উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রপ্ত) রনি খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে কৃষি প্রযুক্তি মেলার প্রদর্শিত স্টল ঘুরে দেখেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।

এসময় গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, কৃষি অফিসার কৃষিবিদ শিকদার মোহাম্মদ মহাইমেনুল ◌্আক্তার উপস্থিত ছিলেন। কৃষি প্রযুক্তি মেলায় উপজেলায় ১০টি স্টলে সাজানো হয়েছে বিভিন্ন জাতের নতুন নতুন ফসল ও কৃষিতে নতুন প্রযুক্তির উদ্ভাবন।

মেলায় ঘুরতে আসা স্কুল শিক্ষক কাকন জানান, এ মেলায় যারা অংশ গ্রহন করেছেন তাদের মধ্যে ৬ কেজি ওজনের মিষ্টিকুমড়ার দিকে সব মানুষের নজর পড়েছে।

নানা মুখি প্রযুক্তি দিয়ে কৃষকদের সমৃদ্ধ করতে সরকার কাজ করছেন। যাতে কৃষকরা নতুন নতুন ফসল ফলাতে পারে এবং অল্প খরচে কৃষকরা তাদের উৎপাদিত ফসল ঘরে তুলতে পােও তার জন্য কৃষিকে যান্ত্রিকিকরণ করা হচ্ছে বলে জানান মেলা অংশ গ্রহনকারি সুমিতা খাতুন।

গাংনী উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ শিকদার মোহাম্মদ মহাইমেনুল আক্তার বলেন, মেহেরপুর জেলার মাটি সবজি উৎপাদনের জন্য খুবই উপযোগী। যে কোন সবজি এ মাটিতে ভাল ফলণ পাওয়া সম্ভব। জেলায় হাইব্রীডসহ দেশীয় বারি-৩,বারি-২,বারি-৭,হাজরি,জলদি,মিটাল মিষ্টিকুমড়ার আবাদ হয়ে থাকে। কৃষক সাইফ আহাম্মেদ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিদের্শনা অনুযায়ী এক িই জমি ফেলে না রেখে পুকুর পাড়ে মিষ্টিকুমড়ার চাষ করেছেন। এতে একটি গাছে ৬০ কেজি ওজনের মিষ্টিকুমড়া হয়েছে। এটিই আমাদের জানামতে সবচেয়ে বেশি ওজন ও বড় সাইজের মিষ্টি কুমড়া। তিনি অন্যান্য কৃষকদেরকে পুকুর পাড়া ও বসত বাড়ির আঙ্গিনা ফেলে না রেখে সবজি উৎপাদনের পরামর্শ দেন।

স্মার্ট মেহেরপুর বিনির্মানে মুুজিবনগরে স্ট্রেস ম্যানেজমেন্ট কর্মশালা

অনুষ্ঠিত

স্মার্ট বাংলাদেশ বিনির্মানে মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে স্ট্রেস ম্যানেজমেন্ট কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

কোয়ান্টাম ফাউন্ডেশনের সহযোগীতায় মুুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের বাস্তবায়নে সোমবার দুপুর ২টার দিকে মুুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটোরিয়ামে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। এসময় মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আবীর হোসেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দীন, মুুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম, সহকারী প্রধান শিক্ষক আলিফ হোসেন, গণিত শিক্ষক এনামুল হক,বিজ্ঞান শিক্ষিকা রোকসানা পারভিনসহ বিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক- শিক্ষিকা ও অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সমগ্র অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন বাংলা সহকারী শিক্ষক আঃ আলীম।

মেহেরপুর আমঝুপিতে আন্তর্জাতিক নারী দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষ্যে সকাল দশটার দিকে আমঝুপিতে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি‘র সহযোগিতায়,মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে। মেহেরপুর চুয়াডাঙ্গা মহাসড়কে মানববন্ধন শেষে মউক হলরুমে সমাজসেবক আব্দুর রকিবের সভাপতিত্বে প্রধান অতিথি উপস্থিত ছিলেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

এছাড়াও বক্তব্য রাখেন সাবেক ইউপি সদস্য (মেম্বার) শহীদুল্লাহ, নারীনেত্রী টুলু খাতুন। সভায় এলাকার বিভিন্ন পেশার প্রতিনিধিগন সহ বিভিন্ন নারী জনসমবায় দলের সদস্যগন অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।

গাংনীতে প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন

“মানসম্মত প্রাথমিক শিক্ষা, স্মার্ট বাংলাদেশ গড়ার দীক্ষা” প্রতিপাদ্যে মেহেরপুরের গাংনীতে প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার বেলা সাড়ে ১১ টায় উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) রনী খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

স্বাগত বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার নাছির উদ্দিন। বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু। এসময় সহকারী উপজেলা শিক্ষা অফিসারসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক উপস্থিত ছিলেন।

আমদাহ ইউপি নির্বাচনে

স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী আনারুল ইসলামের সংবাদ সম্মেলন

আগামী ১৬ই মার্চ-২০২৩ আমদাহ ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলেক্ষ্য আনারস প্রতীকের সতন্ত্র চেয়ারম্যান প্রার্থী আনারুল ইসলামের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে ।

সোমবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে সতন্ত্র প্রার্থী আনারুল ইসলাম লিখিত বক্তব্যে বলেন, আমি নির্বাচনে প্রার্থী হয়েছি। বিগতদিনের চেয়ারম্যান হিসেবে নই, একজন সেকব হিসেবে যেভাবে জনগনের পাশে থেকেছি তারই ধারাবাহিকতায় আমার পক্ষে যে উৎসাহ উদ্দীপনা এবং জনজোটের সৃষ্টি হয়েছে সেটা নস্যাৎ করার জন্য পরিকল্পিতভাবে আমার বিরুদ্ধে অভিযোগ সৃষ্টি করে শান্ত পরিবেশ অশান্ত করার পায়তারা করছে নৌকার প্রার্থীর নেতা কর্মীরা। তারই প্রতিবাদে সাংবাদিক সম্মেলন ।

আপনারা জানেন আগামী ১৬ই মার্চ-২০২৩ আমদাহ ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। আমি মোঃ আনারুল ইসলাম, আনারস মার্কা প্রতীক নির্বাচনে অংশগ্রগ্রহণ করছি। বিগতদিনে চেয়ারম্যান হিসেবে নই, একজন সেকব হিসেবে যেভাবে জনগনের পাশে থেকেছি উন্নয়নের চাকা সচল রেখেছিলাম তারই ধারাবাহিকতায় আমার পক্ষে যে উৎসাহ উদ্দীপনা এবং জনজোটের সৃষ্টি সেই কারনে আমি জয়ের ব্যাপারে শতভাগ আশাবাদী । জনগণের বিচারেই জয়-পরাজয় নির্ধারিত হবে তাই জনগণের রায়কে মেনে নিয়ে ইউনিয়নবাসীর সার্বিক কল্যাণে এগিয়ে যাওয়ায় আমার একমাত্র লক্ষ্য।

আমার বিরুদ্ধে ষড়যন্ত্র চলছে, আমার কর্মীদের হুমকি প্রদর্শনসহ, গোপন সূত্রে জানতে পারলাম আমার বিপক্ষ প্রার্থী এবং তার কর্মীগণ তাদেরই নিজ অফিস ভাংচুর এবং অগ্নিসংযোগের মতো অপ্রিতীকর ঘটনা ঘটাতে পারে। কারণে এই ধরনের ঘটনা ঘটিয়ে আমার কর্মীকে আইনি হায়রানি করার জঘন্য পরিকল্পনা করেছে। বিষয়টি আর্চ করতে পেরে, প্রথমেই আমি আপনাদের সহযোগিতা চাচ্ছি। কারণ আপনাদের লেখনি জনমানুষের বিবেককে জাগ্রত করে, আপনাদের তৎপরতাই যেকোন অপ্রিতীকর

ঘটনা পরিকল্পনা নস্যাৎ এড়াতে বিশেষ ভূমিকা পালন করে। আমি আপনাদের সহযোগিতা চাই ।

এসময় মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, জেলা প্রেসক্লাবের দপ্তর সম্পাদক মাসুদ রানা, সাংবাদিক বেন আমীন মুক্ত, রামিজ সহ সাংবাদিকেরা উপস্থিত ছিলেন ।

আমদহ ইউপি নির্বাচনে নৌকার প্রচারণায় কেন্দ্রীয় নেত্রী

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে আমদাহ ইউনিয়নের আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ পথসভা অনুষ্ঠিত হয়।

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি এ্যাড: শরিফুল ইসলামের সভাপতিত্বে পথ সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির সদস্য পারভীন জামান কল্পনা।

ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাড. কাজী সহিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, আব্দুল মান্নান ছোট, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, জেলা আওয়ামী লীগের সাবেক আইন বিষয়ক সম্পাদক এডভোকেট খন্দকার আব্দুল মতিন, জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, সদর উপজেলা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, সাধারণ সম্পাদক ও বারাদি ইউপি চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন, মেহেরপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল , জেলামহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিন ,কেন্দ্রীয় মহিলা আওয়ামী লীগের সদস্য ও জেলা মহিলা আওয়ামী লীগের

সাবেক সভাপতি শামীমা আরা হীরা।

এছড়াও উপস্থিত ছিলেন জেলা আইনজীবী সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাডভোকেট আব্দুল আল মামুন রাসেল, জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম সুবাদ, ইউনিয়ন যুবলীগের সভাপতি বাইজিদ আহমেদ সুইট, যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হিরা, সদর উপজেলা ছাত্রলীগের জুলকারনাইন বায়েজিদ, কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক তানভীর আহমেদ, কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন প্রমূখ।

গাংনীতে কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে কৃষি প্রযুক্তি মেলা ২০২৩ এর উদ্বোধন করা হয়েছে। ‘‘কৃষিই সমৃদ্ধ’’ এ প্রতিপাদ্যে সোমবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা অডিটোরিয়াম চত্বরে দুই দিন ব্যাপী কৃষি প্রযুক্তি মেলা অনুষ্ঠিত হয়।

বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অঞ্চল কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষি প্রযুক্তি মেলার আয়োজন করে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রপ্ত) রনি খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক। এসময় গাংনী উপজেলা পরিষদেও ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, কৃষি অফিসার কৃষিবিদ শিকদার মোহাম্মদ মহাইমেনুল আক্তার, সাবেক কৃষি বিষয়ক সম্মপাদক শহিদুল ইসলাম, এমপি প্রতিনিধি মনিরুজ্জামান আতু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান উপস্থিত ছিলেন।

কৃষি প্রযুক্তি মেলায় ১০টি কৃষি ভিত্তিক স্টল সাজানো হয়। স্টলে কৃষিকে আরও সমৃদ্ধ করতে নানা প্রযুক্তি তুলে ধরেন মেলায় অংশ গ্রহন করেন।

মেহেরপুরের নতুন ডিসি আজিজুল ইসলাম

মেহেরপুরের নতুন জেলা প্রশাসক হিসাবে নিয়োগ পেয়েছেন প্রধানমন্ত্রীর দপ্তরের পরিচালক মোহাম্মদ আজিজুল ইসলাম।

গতকাল রবিবার রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব ভাস্কর দেবনাথ বাপ্পি স্বাক্ষরিত এক আদেশে এ তথ্য জানা গেছে ।মেহেরপুর জেলা প্রশাসকসহ আট জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে।

তবে মেহেরপুরের বর্তমান জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানকে কোন জেলায় নিয়োগ দেয়া হয়নি বলে আদেশে জানা গেছে।

ইসলামপুরে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের নির্বাচনী পথসভা

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার রাতে আমদহ ইউনিয়নের ইসলামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ পথসভা অনুষ্ঠিত হয়।

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শরিফুল ইসলামের সভাপতিত্বে পথ সভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকন,

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী,উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়নের চেয়ারম্যান মমিনুল ইসলাম মোমিন,ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কাজী শহিদুল হক, জিনারুল ইসলাম, একরামুল হক, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আতিয়ার রহমান হিরা, কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ সম্পাদক তানভীর আহমেদ সহ বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগর পরিদর্শনে ডেপুটি

ডিরেক্টর জেনারেল মিঃ জিয়াংচেন ঝাং

মুজিবনগর ঐতিহাসিক আম্রকানন স্মৃতিসৌধ পরিদর্শনে এসেছেন WTO-এর ডেপুটি ডিরেক্টর জেনারেল মিঃ জিয়াংচেন ঝাং।

রবিবার দুপুরে ঢাকা থেকে হেলিকপ্টার যোগে মুজিবনগর হেলিপ্যাডে অবতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক লিংকন বিশ্বাস, উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, মেহেরপুর জেলা চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল ও সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল এবং মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল অতিথিদের ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান।

মেহেরপুরে আকস্মিক সফরের তিনি হেলিকপ্টার যোগে মুজিবনগরে আসেন এবং সন্ধ্যায় ঢাকায় ফিরে যান।
পরে মুজিবনগর সাধীনতার সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করে সোনাপুর মাঝ পাড়ার বিভিন্ন এলাকা ঘুরে দেখেন।

এসময় এফবিসিসিআই এর পরিচালক সৈয়দ মোয়াজ্জেম হোসেন, বানিজ্য মন্ত্রনালয়ের যুগ্ন সচিব আলম মস্তফা, চীনাদূতাবাসের দ্বিতীয় সেক্রেটারি জুয়েলিং শি সফর সঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন।